দৈনিক সংবাদ

23 JUL 1993

ডাকসু'র সভা

# শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান

গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সভায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য ছাত্রছাত্রীসহ সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন ডাকসু সভাপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমেদ।

সভায় ডাকসু'র কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নির্বাচিত সম্পাদকদের অনুপস্থিতিতে নির্বাচিত সদস্যদের দায়িত্ব দেয়া হয়। সেক্ষেত্রে শহীদউদ্দিন চৌধুরী এ্যানী– সাহিত্য, শাহানশাহ খন্দকার সোহেল– ছাত্র মিলনায়তন, রশীদ আহমেদ হোসাইনী– ছাত্রী মিলনায়তন এবং খোরশেদ আলম– সমাজসেবা সম্পাদকের দায়িত্ব পালন করবেন বলে সিদ্ধান্ত হয়।

সভায় চলতি বছরে বিভিন্ন খাতের ব্যয়ের জন্য ডাকসু'র ১১ লাখ ৬৫ হাজার টাকার বাজেট অনুমোদিত হয় এবং বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিহীন ছাত্রছাত্রীদেরকে অনুদান প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়।

সভায় অন্যদের মধ্যে ডাকসু কোষাধ্যক্ষ অধ্যাপক বেলায়েত হোসেন, ভিপি আমানউল্লাহ আমান এমপি, জিএস খায়রুল কবির খোকন, এজিএস নাজিমউদ্দীন আলম, সাংস্কৃতিক সম্পাদক মিলন মেহেদী, ক্রীড়া সম্পাদক সাঈদ হাসান কানন, পরিবহন সম্পাদক জাহাঙ্গীর আলম, সদস্য রফিকুল ইসলাম জগলু প্রমুখ উপস্থিত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।